

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আগস্ট, ২০১৯ মাসের ইনোভেশন ও সেবা পদ্ধতি সহজিকরণ সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জিল্লুর রহমান চৌধুরী যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ)
সভার তারিখ	০৬ আগস্ট ২০১৯ খ্রি:
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	যুগ্মসচিব (প্রশাসন) এর অফিস কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। কমিটির সদস্য সচিব মোহাম্মৎ ফারহানা রহমান সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে আলোচ্যসূচি অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেন এবং ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী আইডিয়া প্রণয়নের বিষয়ে কমিটিকে অবহিত করেন।

০২। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর ৫.১ অনুচ্ছেদের উদ্ভাবনী উদ্যোগের তালিকা প্রস্তুতের কথা বলা হয়েছে। গত অর্থবছরের ন্যায় এ বছরেও উদ্ভাবনী আইডিয়া এ বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাসহ সভায় উপস্থিত সদস্যদের কাছ থেকে চাওয়া হয়। প্রাপ্ত আইডিয়াগুলো পর্যালোচনা পূর্বক নিম্নোক্ত পাঁচটি উদ্ভাবনী আইডিয়া বাছাই করা হয়।


ক্রম	প্রস্তাবিত উদ্ভাবনী আইডিয়ার নাম	বাস্তবায়ন কাল		দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে)	পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি মানদণ্ডে)	মন্তব্য
		শুরুর তারিখ	সমাপ্তির তারিখ				
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	অনলাইনে প্রশিক্ষণ প্রতিবেদন জমাদান	সেপ্টেম্বর ১৯	ডিসেম্বর ৩১, ২০১৯	প্রোগ্রামার	প্রতিবেদনসমূহ হতে প্রাপ্ত তথ্য পরবর্তীতে যে কোন উন্নয়নমূলক কাজে ব্যবহার করা যাবে		
২	এ বিভাগের কার্যক্রম সম্বলিত ফটোগ্রাফ দিয়ে করিডোরের দেয়াল সজ্জিত করা	সেপ্টেম্বর ১৯	জুন ৩০, ২০২০	ইনোভেশন কমিটি	যে কেউ সহজে এ বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হতে পারবে		
৩	কর্মকর্তাদের সংক্ষিপ্ত বায়োডাটা ওয়েবসাইটে প্রকাশ	সেপ্টেম্বর ১৯	ফেব্রু ২৮, ২০২০	সিস্টেম এনালিস্ট	এতে করে যে কেউ ওয়েবসাইট থেকে কর্মকর্তাদের সংক্ষিপ্ত পরিচয় জানতে পারবে		
৪	সরকারি স্বার্থ সংরক্ষণে মামলা নিষ্পত্তি ত্বরান্বিত করণের লক্ষ্যে নির্দিষ্ট ফরমেটে মামলার তালিকা তৈরি করা	অক্টোবর ১৯	জুন ৩০, ২০২০	ইনোভেশন কমিটি	এতে করে মামলার পূর্ণ চিত্র ফুটে উঠবে এবং কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত নিতে সহায়ক হবে।		
৫	ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন	অক্টোবর ১৯	জুন ৩০, ২০২০	ইনোভেশন কমিটি	এ বিভাগের সভার নোটিশ ও বিভিন্ন কার্যক্রম ডিজিটাল বোর্ডে প্রদর্শন করা।		

০৩। উপরোক্ত বার্ষিক উদ্ভাবন আইডিয়াসমূহের মধ্যে ২ নং আইডিয়া নিয়ে আলোচনা করা হয়। যথাযথ প্রক্রিয়া সম্পন্ন করে প্রতিমন্ত্রী মহোদয় ও সচিব মহোদয়ের অনুমোদন সাপেক্ষে দ্রুত বাস্তবায়ন করতে হবে। এ প্রসঙ্গে ভেন্ডরের কাছ থেকে একটি ডিজাইন নেয়া যেতে পারে, এর আলোকে একটি প্রাক্কলন তৈরি করতে হবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়।

০৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	বাস্তবায়ন ডেডলাইন
৪.১	আগামী সভা ৮-১০-২০১৯ তারিখে অনুষ্ঠিত হবে	সদস্য সচিব	-
৪.২	বার্ষিক উদ্ভাবনী আইডিয়াসমূহের তালিকা প্রস্তুতকরণ, চূড়ান্তকরণ এবং তালিকা তথ্য বাতায়নে প্রকাশ করা	ইনোভেশন কমিটি	০৩-১১-২০১৯
৪.৩	এ বিভাগের কার্যক্রম সম্বলিত ফটোগ্রাফ দিয়ে করিডোরের দেওয়াল সজ্জিত করার জন্য ভেন্ডরের কাছ থেকে ডিজাইন ও প্রাক্কলন সংগ্রহ করা	ইনোভেশন কমিটি	০৮-১০-২০১৯

০৫. পরিশেষে, উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ জিল্লুর রহমান চৌধুরী
যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ)

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৪.১৮.১৫৬

তারিখ: ১১ ভাদ্র ১৪২৬

২৬ আগস্ট ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃষ্টি আকর্ষণ: উপসচিব, ই-গভর্নেন্স-২ শাখা)
- ২) উপ-সচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) উপ-সচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) উপ-সচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৫) একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৬) উপ-প্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ



মোছাম্মাৎ ফারহানা রহমান
উপ-সচিব